DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 06:10 AM

বিনোদন

# নতুন সিনেমায় ফের একসঙ্গে শাকিব ও ইধিকা?

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৪ আগস্ট ২০২৬, ১০:২৫ AM



সংগৃহীত ছবি

২০২৩ সালে হিমেল আশরাফের পরিচালনায় প্রিয়তমা সিনেমার মাধ্যমে প্রথমবারের মতো জুটি বাঁধেন শাকিব খান ও কলকাতার অভিনেত্রী ইধিকা পাল। মুক্তির পর ছবিটি দর্শকদের মধ্যে ব্যাপক জনপ্রিয়তা পায় এবং ব্যবসায়িক সাফল্য অর্জন করে।

এরপর মেহেদী হাসান হৃদয়ের পরিচালনায় বরবাদ সিনেমায় আবারও একসঙ্গে পর্দায় হাজির হন তারা। এই সিনেমাটিও বড় সাফল্য পায় এবং প্রযোজকের দাবি অনুযায়ী, ঢাকাই চলচ্চিত্রের আয়ের ক্ষেত্রে নতুন রেকর্ড তৈরি করে।

এই সাফল্যের ধারাবাহিকতায় আবারও শাকিব-ইধিকা জুটিকে পর্দায় দেখার সম্ভাবনা তৈরি হয়েছে। গুঞ্জন রয়েছে, মেহেদী হাসান হৃদয়ের নতুন সিনেমা নিঃস্ব-তে একসঙ্গে অভিনয় করতে পারেন তারা। সিনেমাটিতে শাকিব খানের অভিনয়ের বিষয়টি এরই মধ্যে নিশ্চিত করেছেন নির্মাতা। তবে নায়িকার বিষয়ে এখনো চূড়ান্ত ঘোষণা আসেনি।

ইধিকার সম্ভাবনা নিয়ে নির্মাতা হৃদয় জানান, এখনো কোনো অভিনেত্রীর সঙ্গে চূড়ান্ত আলোচনা সম্পন্ন হয়নি। তবে যাদের নিয়ে ভাবা হচ্ছে, তাদের মধ্যে ইধিকা পালও রয়েছেন। তাই এই অভিনেত্রীকে সিনেমাটিতে দেখা যাওয়ার সম্ভাবনা রয়েছে। আগামী এক সপ্তাহের মধ্যেই এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত জানানো হবে বলে জানান তিনি।

এদিকে নিঃস্ব সিনেমার চিত্রনাট্যের কাজ বর্তমানে শেষ পর্যায়ে রয়েছে। নির্মাতা জানিয়েছেন, আগামী অক্টোবর থেকে শুরু হতে পারে ছবিটির শুটিং। সিনেমাটিতেও শাকিব খানকে অ্যাকশনধর্মী চরিত্রে দেখা যাবে, তবে গল্প ও উপস্থাপনায় থাকবে নতুনত্ব। পরিকল্পনা অনুযায়ী, আগামী বছরের রোজার ঈদে মুক্তি পেতে পারে নিঃস্ব।

---

## এ বিভাগের আরও খবর



**রাজধানীতে অভিনেত্রীর ঝুলন্ত মরদেহ উদ্ধার**
রাজধানীর ভাটারা এলাকা থেকে জনপ্রিয় মডেল ও অভিনেত্রী রিধিকা রিধির মরদেহ উদ্ধার করা হয়েছে।শনিবার (১৫ আগস্ট) সকাল ছয়টার দিকে সিলিং ফ্যানে ঝুলন্...



**সেলেনা গোমেজের ভিডিও ফাঁস, মুহূর্তেই ভাইরাল!**
আইনি বিপাকে জনপ্রিয় মার্কিন তারকা সেলেনা গোমেজ। মানসিক স্বাস্থ্যের প্রসারে তৈরি করা তাঁর ভেঞ্চার ওয়ান্ডারমাইন্ড সংস্থাকে ঘিরে জালিয়াতির অভি...




প্রতীকী ছবি

### ডিজিটাল যুগে শর্টকার্টে তারকা, আশীর্বাদ নাকি অভিশাপ

একসময় তারকা হতে হলে বছরের পর বছর সাধনা, প্রশিক্ষণ এবং গণমাধ্যমের স্বীকৃতি প্রয়োজন হতো। এখন একটি স্মার্টফোন, ইন্টারনেট সংযোগ এবং ৩০ সেকেন্ডের...



### শাড়ি নিয়ে প্রতারণা : আত্মসমর্পণ করে জামিন পেলেন তানজিন তিশা

শাড়ি নিয়ে প্রতারণা ও বিশ্বাসভঙ্গের মামলায় আত্মসমর্পণের পর জামিন পেয়েছেন অভিনেত্রী তানজিন তিশা।বৃহস্পতিবার (১৩ অগাস্ট) ঢাকার মেট্রোপলিটন ম্যা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/ntun-sinemay-fer-eksngge-shakib-o-idhika